

২০২৩ শিক্ষাবর্ষে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত নিম্নলিখিত পাঠ্যপুস্তকে যেসব ভুল পরিলক্ষিত হয়েছে তার সংশোধন করা হলো, যা শিক্ষকগণ পাঠ পরিচালনার সময়ে শিক্ষার্থীর পাঠ্যপুস্তকে পরিমার্জনের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে এনসিটিবি'র ওয়েবসাইট থেকে ভুলসমূহ সংশোধন করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	১৮১	১৯৭১ সালের ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্বাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে।	১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর বাংলাদেশ জুড়ে পাকিস্তান সামরিক বাহিনী নির্বাতন, গণহত্যা আর ধ্বংসলীলায় মেতে ওঠে।
০২	২০০	১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েমের কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।	১২ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, রাষ্ট্রপতি আবু সাঈদ চৌধুরীর কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।
০৩	২০২	সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পরে যুক্ত হবে...	সংবিধান প্রণয়ন ১৯৭২ এর পটভূমি অংশের প্রথম অনুচ্ছেদের পর যুক্ত হবে... সংবিধান প্রণয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শিক অবস্থান প্রতিফলিত হয়েছিল। সংবিধান প্রণয়নের ক্ষেত্রে বঙ্গবন্ধুর সার্বক্ষণিক দিক-নির্দেশনা ছিল। তিনি সংবিধান কমিটিকে বিভিন্ন মৌলিক বিষয়ে প্রত্যক্ষ নির্দেশনা দিয়েছিলেন।
০৪	২০৩	পঞ্চমভাগে জাতীয় সংসদ	ষষ্ঠ লাইনে 'পঞ্চমভাগে আইনসভা'।

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	০৬	৫৪ সালের নির্বাচনে ৪টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল চারটি হলো-আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল।	৫৪ সালের নির্বাচনে ৫টি দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়। দল পাঁচটি হলো- আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম, গণতন্ত্রী দল ও পাকিস্তান খেলাফতে রক্ষানী পার্টি।
০২	১৬	ঢাকার রাজারবাগ পুলিশ ক্যাম্প ও পিলখানা ইপিআর ক্যাম্প	রাজারবাগ পুলিশ লাইন ও পিলখানা ইপিআর সদর দপ্তর
০৩	২৮	সাধারণ মানুষের মৌলিক অধিকার সংরক্ষণ এ সংবিধানের প্রধান বৈশিষ্ট্য।	সাধারণ মানুষের মৌলিক মানবাধিকার সংরক্ষণ এ সংবিধানের বৈশিষ্ট্য।

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা, শ্রেণি: নবম-দশম

ক্রমিক	পৃষ্ঠা	পাঠ্যপুস্তকে যা আছে	পাঠ্যপুস্তকে যা হবে
০১	৫৭	'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে...	'রাষ্ট্রপতির ক্ষমতা ও কাজ' এর ১ ক্রমিক এর অনুচ্ছেদে প্রতিস্থাপিত হবে... 'রাষ্ট্রপতি রাষ্ট্রের প্রধান। সরকারের সকল শাসনসংক্রান্ত কাজ তাঁর নামে পরিচালিত হয়। তিনি প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্রে ব্যতীত তাঁর সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ পরিচালনা করেন। তিনি মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদের নিয়োগ করেন। রাষ্ট্রের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের (মহা হিসাবরক্ষক, রাষ্ট্রদূত ও অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তা) নিয়োগের দায়িত্বও রাষ্ট্রপতির। প্রতিরক্ষা কর্ম বিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত। তিন বাহিনীর (সেনা, বিমান ও নৌবাহিনী) প্রধানদের তিনিই নিয়োগ দেন।
০২	৫৯	'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে...	'প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কাজ'-১ ক্রমিকের অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হবে... 'প্রধানমন্ত্রী মন্ত্রিপরিষদের প্রধান। প্রধানমন্ত্রীর কর্তৃত্বে সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রয়োগ করা হয়। তিনি মন্ত্রিসভার সদস্যসংখ্যা নির্ধারণ করেন ও মন্ত্রীদের মধ্যে দপ্তর কটন করেন। তিনি যেকোনো মন্ত্রীকে তাঁর পদ থেকে অপসারণের পরামর্শ দিতে পারেন'।

(অধ্যাপক ড. সন্তোষ কুমার ঢালী)

প্রধান সম্পাদক

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা